

মহাজোট সরকারের উন্নয়ন ও সাফল্যের ৫ বছর

# দিন বদলের অগ্রযাত্রায়—খাগড়াছড়ি

# তথ্য কণিকা



## খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

Website: **www.khdcbd.org** Fax: 0371-61878, E-mail: **khdcbd@gmail.com**






# দিন বদলের অগ্রযাত্রায়-খাগড়াছড়ি

## তথ্য কণিকা



### প্রসংগ কথা

মনোরম প্রাকৃতিক পরিবেশ এবং চাকমা, মারমা, ত্রিপুরা ও বাঙ্গালীসহ ০৪টি জনগোষ্ঠি অধ্যুষিত খাগড়াছড়ি পার্বত্য জেলার মোট আয়তন ২৬৯৯.৫৫ বর্গ কিলোমিটার। খাগড়াছড়ি জেলায় বর্তমানে প্রায় ৬ লক্ষ জনগণ বসবাস করে। এ জেলার জনগণের সার্বিক উন্নয়নে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, জেলা প্রশাসন, পুলিশ বিভাগ, উপজেলা পরিষদ, পৌরসভা, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এবং অন্যান্য বিভাগ/দপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বর্তমান মহাজোট সরকার দায়িত্ব নেয়ার পর হতে জেলার সকল জনগণের ভাগ্যোন্নয়নে সরকারি বিভিন্ন বিভাগের মাধ্যমে বিভিন্ন সেক্টরে প্রায় ৭০০ কোটির অধিক টাকার উন্নয়ন কার্যক্রম সম্পাদিত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা এর সরকার শান্তিচুক্তির সম্পূর্ণ বাস্তবায়নসহ পার্বত্য জেলার উন্নয়নে অংগীকারাবদ্ধ। এছাড়া দেশী বিদেশী অনেক উন্নয়ন সংস্থা পার্বত্য জেলার উন্নয়নে ব্যাপক পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করছে। খাগড়াছড়ি পার্বত্য জেলাকে আধুনিক তথ্য ও প্রযুক্তির আওতায় আনার লক্ষ্যে পার্বত্য জেলা পরিষদ এবং জেলা প্রশাসন নানামুখী পরিকল্পনা বাস্তবায়ন করছে। পর্যটন শিল্পকে উৎসাহিত করতে পার্বত্য জেলা পরিষদ কর্তৃক খাগড়াছড়ি হর্টিকালচার পার্ক স্থাপন করা হয়েছে। এ ৫ বছরে পার্বত্য জেলা পরিষদ হতে রাজস্ব খাতে ৫৭৬ জন এবং উন্নয়ন খাতে ৪১১ জন বেকার যুবক যুবতীদের কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। মহাজোট সরকারের ৫ বছরে দেশের শাসনব্যবস্থা, শিক্ষা, কৃষি, অর্থনীতিসহ সর্বস্তরে লেগেছে দিন বদলের ছোঁয়া। শান্তিচুক্তি বাস্তবায়নের আওতায় সম্প্রতি সরকারি আরও ৬টি বিভাগ খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদে হস্তান্তর করা হয়েছে। পার্বত্য জেলা সমূহকে মোবাইল নেটওয়ার্কের আওতায় আনা হয়েছে। উন্নয়নের এ ধারা অব্যাহত রাখতে খাগড়াছড়ি জেলাবাসীকে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রেখে একযোগে কাজ করার আহবান জানাচ্ছি।

আসছে ১১ নভেম্বর,২০১৩ মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা এর খাগড়াছড়ি পার্বত্য জেলা সফরের সময়সূচী উপলক্ষ্যে এ পরিষদ হতে খাগড়াছড়ি পার্বত্য জেলার উন্নয়ন ও সাফল্যের ৫ বছরের কার্যক্রম সংক্ষিপ্ত পরিসরে **"দিন বদলের অগ্রযাত্রায় খাগড়াছড়ি তথ্য কণিকা"** নামে প্রকাশিত হয়েছে। এ তথ্য কণিকা প্রকাশে যারা অক্লান্ত পরিশ্রম করেছে, তাঁদের সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। এ প্রকাশনায় সকল উন্নয়ন কার্যক্রম হয়তো সঠিকভাবে গ্রন্থিত হয়নি এবং কিছু ভুল ভ্রান্তি থাকতে পারে। আশা করি সম্মানিত পাঠকবৃন্দ ত্রুটিগুলো ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখবেন।

কুজেন্দ্র লাল ত্রিপুরা
চেয়ারম্যান
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।



**প্রকাশনায়ঃ**
পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি।

**প্রকাশঃ**
১০ নভেম্বর,২০১৩

**উপদেষ্টা পরিষদঃ**
মাননীয় চেয়ারম্যান
প্রধান নির্বাহী কর্মকর্তা
এবং সদস্যবৃন্দ

**সম্পাদনা পরিষদ**
মোঃ আব্দুর রহমান তরফদার
জীবন রোয়াজা
এবং
মোঃ সাইফুল্লাহ।

**মুদ্রণে**
ইসলামিয়া অফসেট প্রেস
খাগড়াছড়ি।



## রামগড় ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল নির্মাণ প্রকল্প ঃ



মাননীয় প্রধানমন্ত্রী
জননেত্রী শেখ হাসিনা কর্তৃক
শুভ উদ্বোধনের অপেক্ষায়



স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক ৫ কোটি ৬ লক্ষ টাকা ব্যয়ে রামগড় ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল নির্মাণ প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। রামগড় উপজেলায় ইতোপূর্বে ৩১ শয্যা বিশিষ্ট হাসপাতাল চালু ছিল। কিন্তু রামগড় সহ আশে পাশের উপজেলা হতে স্বাস্থ্য সেবা প্রার্থী জনসংখ্যা বৃদ্ধির প্রেক্ষিতে রামগড় উপজেলা সদরে ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল চালু করা হয়েছে।

## খাগড়াছড়ি সদর আর্মড পুলিশ ব্যাটালিয়ন ব্যারাক নির্মাণ প্রকল্প ঃ




গণপূর্ত বিভাগ কর্তৃক ৭ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয়ে খাগড়াছড়ি সদরে ৬ তলা বিশিষ্ট আর্মড পুলিশ ব্যারাক/ভবন নির্মাণ করা হয়েছে।



জেলা আওয়ামী লীগ কর্তৃক ৩৫ লক্ষ টাকা ব্যয়ে খাগড়াছড়ি টাউন হল প্রাংগনে নির্মিত বঙ্গবন্ধু ও বাংলাদেশ স্মৃতি ভাস্কর্য চেতনা মঞ্চে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বাবু দীপংকর তালুকদার কবুতর উড়িয়ে ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৩ম জন্মদিন এবং জাতীয় শিশু দিবসের শুভ উদ্বোধন করেন।




শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক ১ কোটি ১০ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত পানছড়ি মডেল হাইস্কুল এর একাডেমিক ভবন।



খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ প্রায় ১ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয়ে জেলা সদরের জিরো মাইল এলাকায় হর্টিকালচার পার্কে ঝুলন্ত ব্রীজ, কীডস জোন এবং অন্যান্য অবকাঠামো নির্মাণ করা হয়েছে।

খাদ্য গুদাম নির্মান প্রকল্প ঃ



গনপূর্ত বিভাগ কর্তৃক প্রায় ২ কোটি ১৪ লক্ষ ৯০ হাজার টাকা ব্যয়ে খাগড়াছড়ি সদর, গুইমারা ও দীঘিনালায় ১০০০ মেঃ টন ধারণ ক্ষমতা সম্পন্ন খাদ্যগুদাম নির্মাণ করা হয়েছে।



গনপূর্ত বিভাগ কর্তৃক ২ কোটি ৭০ লক্ষ ২৬ হাজার টাকা ব্যয়ে দীঘিনালা উপজেলায় আবহাওয়া অফিস ভবন নির্মাণ করা হয়েছে।



পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন  বোর্ড কর্তৃক ৬ কোটি ৫ লক্ষ টাকা ব্যয়ে খাগড়াছড়ি সদর ভাইবোনছড়া-তাইন্দং সড়কে চেংগী নদীর উপর ৪০০ ফুট দীর্ঘ আরসিসি গার্ডার ব্রীজ নির্মাণ করা হয়েছে।

খাগড়াছড়ি জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্প ঃ



গনপূর্ত বিভাগ কর্তৃক প্রায় ২ কোটি ৭০ লক্ষ টাকা ব্যয়ে খাগড়াছড়ি পার্বত্য জেলার হাসপাতাল সড়কে মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ করা হয়েছে।



শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক ২ কোটি ২৪ লক্ষ টাকা ব্যয়ে খাগড়াছড়ি সরকারি কলেজের একাডেমিক ভবন সম্প্রসারণ প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে।

খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ট্রেনিং কাম কমিউনিটি সেন্টার নির্মাণ প্রকল্প ঃ



খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক ১ কোটি ৮০ লক্ষ টাকা ব্যয়ে ট্রেনিং কাম কমিউনিটি সেন্টার নির্মাণ প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা কর্তৃক শুভ উদ্বোধনের অপেক্ষায়

খাগড়াছড়ি পুলিশ লাইন্স স্কুল ভবন নির্মাণ প্রকল্প ঃ



খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক ১ কোটি টাকা ব্যয়ে খাগড়াছড়ি পুলিশ লাইন্স স্কুল ভবন নির্মাণ প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে

খাগড়াছড়ি মারমা উন্নয়ন ছাত্রাবাস নির্মাণ প্রকল্প ঃ



খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক ১ কোটি টাকা ব্যয়ে খাগড়াছড়ি মারমা উন্নয়ন ছাত্রাবাস নির্মাণ প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে।

খাগড়াছড়ি আলোক নবগ্রহ ধাতুচৈত্য বৌদ্ধ বিহার নির্মাণ প্রকল্প ঃ



খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক ১ কোটি টাকা ব্যয়ে খাগড়াছড়ি আলোক নবগ্রহ ধাতুচৈত্য বৌদ্ধ বিহার নির্মাণ প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে।

## মহাজোট সরকারের উন্নয়ন ও সাফল্যের ৫ বছর


### খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক বাস্তবায়িত কয়েকটি উন্নয়ন প্রকল্প ঃ



দীঘিনালা মাইনী নদীর উপর ব্রীজ নির্মাণ।



খাগড়াছড়ি মিউজিয়াম নির্মাণ।



পানছড়ি অরণ্য কুটির নির্মাণ।



দীঘিনালা উদালবাগান হাই স্কুল নির্মাণ।



মাটিরাংগা শান্তিপুর হাইস্কুল নির্মাণ।



খাগড়াছড়ি সদর উপজেলার ঠাকুরছড়া হাইস্কুল নির্মাণ।



খাগড়াছড়ি সানস্কাওয়ার ইনস্টিটিউট নির্মাণ।



খাগড়াছড়ি পিটিআই ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন



রামগড় মুক্তিযোদ্ধা স্মৃতি ভাস্কর্য উদ্বোধন





জেলা পরিষদ কম্পিউটার ল্যাব উদ্বোধন।



জেলা পরিষদ পার্ক ঝুলন্ত ব্রীজ উদ্বোধন

## বিগত ৫ বছরে বাস্তবায়িত উল্লেখযোগ্য অন্যান্য প্রকল্পসমূহ ঃ

* জেলা আওয়ামী লীগ কর্তৃক ৩৫ লক্ষ টাকা ব্যয়ে খাগড়াছড়ি টাউন হল প্রাঙ্গনে নির্মিত বঙ্গবন্ধু ও বাংলাদেশ স্মৃতি ভাস্কর্য চেতনা মঞ্চ।
* এলজিইডি কর্তৃক ১ কোটি ৮৯ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত পানছড়ি বাজার মডেল সপ্রাবি ছাত্রাবাস এবং ১ কোটি ৭১ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত লক্ষীছড়ি মডেল সপ্রাবি ছাত্রাবাস নির্মাণ। তবে একইভাবে নির্মিত মানিকছড়ি রাণী নিহারদেবী সপ্রাবি ছাত্রাবাস প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক ইতোমধ্যে উদ্বোধন করা হয়েছে।
* এলজিইডি কর্তৃক প্রাথমিক শিক্ষক-শিক্ষিকাদের প্রশিক্ষণ/দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ১০ কোটি ৭৮ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত প্রাইমারী টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট (পিটিআই)।
* বর্ডার গার্ড বাংলাদেশ কর্তৃক রামগড় জালিয়া পাড়ায় প্রায় ৫৫ কোটি ব্যয়ে ৪০ একর জায়গায় ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল নির্মাণ।
* খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক ১ কোটি ২০ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত সদর উপজেলার ঠাকুরছড়া হাইস্কুল, ১ কোটি ২০ লক্ষ টাকা ব্যয়ে টিউফা আইডিয়াল স্কুল, ১ কোটি ২৫ লক্ষ টাকা ব্যয়ে সিন্দুকছড়ি উচ্চ বিদ্যালয়ের ছাত্রাবাস নির্মাণ, ১ কোটি টাকা ব্যয়ে মাটিরাংগা গ্রীনহীল কলেজ, ১ কোটি টাকা ব্যয়ে দীঘিনালা ডিগ্রী কলেজ, ২ কোটি টাকা ব্যয়ে মহালছড়ি সিংগিনালা হাইস্কুল, ৬০ লক্ষ টাকা ব্যয়ে সদর উপজেলায় সানক্লাওয়ার ইনষ্টিটিউট, ৭০ লক্ষ টাকা ব্যয়ে দীঘিনালা উদাল বাগান হাইস্কুল, ৫০ লক্ষ টাকা ব্যয়ে মাটিরাংগা শান্তিপুর হাইস্কুলসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ প্রকল্প।
* খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক ২ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয়ে দীঘিনালা উপজেলার পূর্বপাশে মাইনী নদীর উপর ব্রীজ নির্মান, ৩ কোটি টাকা ব্যয়ে দীঘিনালা-জামতলী-তৈদুছড়া রাস্তা নির্মাণ, ৩ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয়ে মাটিরাংগা তপ্ত মাষ্টার পাড়া হতে বীরেন্দ্র কার্বারী পাড়া হয়ে ভক্তভাড়া পর্যন্ত রাস্তা নির্মাণ, ২ কোটি ব্যয়ে পানছড়ি লতিবান তারাবন স্কুল হতে কারিগর পাড়া-দুখীরাম পাড়া রাস্তা নির্মাণ, ৩ কোটি টাকা ব্যয়ে দীঘিনালা মেরুং বাজার হতে পূর্ব হাজাছড়া রাস্তা নির্মাণ, ৩ কোটি টাকা ব্যয়ে মানিকছড়ি গবামারা হয়ে দক্ষিণ ফকিরনালা-সিন্দুকছড়ি রাস্তা নির্মাণ, ২ কোটি টাকা ব্যয়ে মহালছড়ি মুবাছড়ি-বাঘমারা রাস্তা নির্মাণসহ বিভিন্ন রাস্তাঘাট নির্মাণ।
* খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ প্রায় ১ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয়ে জেলা সদরের জিরো মাইল এলাকায় হর্টিকালচার পার্কে ঝুলন্ত ব্রীজ, কীডস জোন এবং অন্যান্য অবকাঠামো নির্মাণ।





খাগড়াছড়ি সড়ক বিভাগ ঃ





* হাটহাজারী-ফটিকছড়ি-মানিকছড়ি-মাটিরাঙ্গা-খাগড়াছড়ি সড়ক (খাগড়াছড়ি অংশ) = ৬২.৮৬ কি.মি.এর মানিকছড়ি হইতে খাগড়াছড়ি পর্যন্ত বিভিন্ন বেইলীসেতুর স্থলে (জরাজীর্ণ) EBBIP এর আওতায় JICA (জাইকা) অর্থায়নে ৭টি (৪৩২.০০ মিটার) ও GOB অর্থায়নে ৭টি (১৮০.০০ মিটার) মোট ১৪টি পিসি গার্ডার/আরসিসি গার্ডার সেতু নির্মাণ কাজ চলমান রয়েছে। উক্ত প্রকল্পে জাইকা হতে ৮৬ কোটি টাকা এবং জিওবি হতে ৩৩ কোটি, সর্বমোট ১১৯ কোটি টাকা ব্যয় হবে। একই সড়কে ইতোমধ্যে ১ কোটি ২৯ লক্ষ টাকা ব্যয়ে খাগড়াছড়ি পৌর এলাকার ৪টি বেইলী সেতুর স্থলে ৪টি আরসিসি বক্সকালভার্ট নির্মাণ কাজ গত অর্থ বৎসরে সমাপ্ত হয়েছে।

* জেলা সড়ক উন্নয়ন প্রকল্পাধীন দিঘীনালা-বাবুছড়া-লোগাং-পানছড়ি সড়ক = ৫১.০০ কি.মি. এর দিঘীনালা প্রান্তে ১০ কি.মি. ও পানছড়ি প্রান্তে ৪ কি.মি. রাস্তা কার্পেটিং সহ বিভিন্ন স্থানে রিটেইনিং ওয়াল ও ড্রেন নির্মাণ কাজ গত অর্থবৎসরে সমাপ্ত হয়েছে। এ প্রকল্পে অর্থ ব্যয় ৫ কোটি ২৩ লক্ষ টাকা।

* খাগড়াছড়ি সড়ক বিভাগের আওতাধীন বিভিন্ন সড়ক এর PMP (Minor) এর আওতায় ৬ কোটি ৫ লক্ষ টাকা ব্যয়ে প্রয়োজনীয় মেরামত/সংস্কার কাজ সমাপ্ত করা হয়েছে।

* খাগড়াছড়ি পানছড়ি সড়ক এর ক্ষতিগ্রস্থ ১৬.০০ কি.মি. সড়কে (PMP-Major) এর আওতায় মেরামত সহ কার্পেটিং ও সিলকোটের কাজ অচিরেই শুরু হবে। এতে ব্যয় হবে ৬ কোটি টাকা।

## খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক বাস্তবায়িত কয়েকটি উন্নয়ন প্রকল্প (যোগাযোগ সেক্টর)







